



রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা-১০০০।

হাতিরঝিল প্রকল্প এলাকায় ক্ষতিগ্রস্তদের অনুকূলে ফ্ল্যাট বরাদ্দের বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এল এ কেস নং- ১৩/২০০৭-২০০৮ ও এল এ কেস নং-০২/২০০৯-২০১০ এর আওতায় অধিগ্রহণকৃত রাজউকের আওতাধীন হাতিরঝিল প্রকল্প এলাকায় নির্মিত স্ট্যান্ডার্ড সাইজ নিট ৮৭৫ বর্গফুট (কম বেশী) কমন্স্পেস ২১৫ বর্গফুট (কমবেশী) সহ মোট ১০৯০ বর্গফুট (কম বেশী) আয়তনের ৫৬টি ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা হবে। আবেদন ফরম ও প্রসপেক্টাস অগ্রণী ব্যাংক লিঃ রাজউক ভবন শাখা, ঢাকা হতে টাকা-৩,০০০/- (তিন হাজার) মাত্র অথবা ৪০/- (চল্লিশ) মার্কিন ডলার (অফেরতযোগ্য) মূল্যে আগামী ২২.০৯.২০১৯ খ্রিঃ তারিখ হতে সংগ্রহ করা যাবে এবং জামানত বাবদ টাকা ২,০০,০০০/- (দুই লক্ষ) মাত্র অথবা ২৫০০ (দুই হাজার পাঁচশত) মার্কিন ডলার জমা দিয়ে আগামী ০৭.১১.২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত আবেদনপত্র জমা দেয়া যাবে।


বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ (হাতিরঝিল প্রকল্পে ক্ষতিগ্রস্ত) রাজউক ওয়েবসাইট www.rajukdhaka.gov.bd হতে আবেদনপত্রের ফরম ও প্রসপেক্টাস ডাউনলোড করে প্রসপেক্টাসে বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে চেয়ারম্যান, রাজউক, এর বরাবরে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে পারবেন। তবে আবেদনপত্র ও প্রসপেক্টাস বাবদ ৪০ (চল্লিশ)- মার্কিন ডলার (অফেরতযোগ্য) জামানতের সঙ্গে জমা প্রদান করতে হবে। জামানতের অর্থ চেয়ারম্যান, রাজউক “হাতিরঝিল এ্যাপার্টমেন্ট প্রকল্প” এর অনুকূলে Wiretransfer/টি.টি এর মাধ্যমে Agrani Bank Limited, Foreign Exchange Corporate Branch, I/B. RAJUK, Avenue, Motijheel C/A, Dhaka. FCAD Account No. 003, চেয়ারম্যান, রাজউক “হাতিরঝিল এ্যাপার্টমেন্ট প্রকল্প” শিরোনামে প্রেরণ করতে হবে। যাবতীয় তথ্যাবলী ক্রয়কৃত প্রসপেক্টাসে পাওয়া যাবে।

আবেদনপত্রের সাথে নিম্ন বর্ণিত তথ্যাদি ও কাগজপত্র সংযুক্ত করতে হবে :-

- ক) আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি সত্যায়িত ছবি (১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)
- খ) জেলা প্রশাসক/তকা কর্তৃক প্রদত্ত এওয়ার্ড সনদপত্রের মূল কপি ।
- গ) জেলা প্রশাসক/তকা কর্তৃক ইস্যুকৃত জমিসহ ঘরের (আবেদনকারীর শুধুমাত্র ঘরের এওয়ার্ড গ্রহণযোগ্য নয়) এওয়ার্ড সার্টিফিকেট এর মূল কপি ।
- ঘ) স্ব-স্ব ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদপত্র ।
- ঙ) আবেদনকারী রাজউক বা অন্য কোনো সরকারী বা আধা সরকারী সংস্থা হতে ক্ষতিগ্রস্ত হিসেবে অথবা অন্য কোনো ক্যাটাগরীতে প্রট/ফ্ল্যাট বরাদ্দ পাননি মর্মে ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প নোটারী পাবলিক কর্তৃক সম্পাদিত হলফনামা ।
- চ) আবেদনকারীর বয়স ১লা জুন ২০১৯ তারিখে ন্যূনতম ১৮(আঠার) বছর হতে হবে। বয়স প্রমাণের জন্য আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ/ পাসপোর্টের সত্যায়িত কপি ।
- ছ) আবেদনপত্রের সাথে আবেদনপত্র ক্রয়ের মূল ব্যাংক রসিদ ও প্রসপেক্টাসে বর্ণিত জামানতের টাকার মূল ব্যাংক রসিদ ।
- জ) আবেদনকারী যদি নিরক্ষর হন, সেক্ষেত্রে তার টিপসহি স্ব-স্ব ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যায়িত

অন্যান্য শর্তাবলী

- ❖ যৌথ পরিবারের সদস্যগণ কেবল মাত্র একটি ফ্ল্যাটের জন্য আবেদন করতে পারবেন ।
- ❖ অসম্পূর্ণ /ভুল তথ্য সম্বলিত /কাটাছেঁড়া(ওভার রাইটিং) আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে ।
- ❖ প্রকল্পে ফ্ল্যাটের প্রাপ্যতা অনুযায়ী সরকার কর্তৃক প্রণীত নীতিমালার আলোকে ক্ষতিগ্রস্তদের মধ্যে ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা হবে ।
- ❖ আবেদনপত্রে নিজ নিজ ব্যাংক হিসাব নম্বর নির্ভুল ভাবে উল্লেখ করতে হবে ।
- ❖ রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো আবেদন বা সকল আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন ।


(সুশান্ত চকমা)

সচিব

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা ।